

আস-সাজদাহ | As-Sajda | السَّجْدَةُ

আয়াতঃ ৩২ : ১০

আরবি মূল আয়াত:

وَقَالُوا ۖ إِذَا ضَلَلْنَا فِي الْأَرْضِ ۖ أَنَا لَفِي خَلْقٍ جَدِيدٍ ۚ بَلْ هُمْ بِلِقَائِ رَبِّهِمْ كَفُرُونَ ﴿١٠﴾

অনুবাদসমূহ:

আর তারা বলে, ‘আমরা যখন মাটিতে মিশে যাব তখন কি আবার নতুন সৃষ্টি হবে?’ বরং তারাতো তাদের রবের সাক্ষাৎকে অস্বীকারকারী। — আল-বায়ান

তারা বলে, কী! আমরা মাটিতে মিশিয়ে গেলেও কি আমাদেরকে আবার নতুন করে সৃষ্টি করা হবে? বরং তারা তাদের প্রতিপালকের সাক্ষাৎকে অস্বীকার করে। — তাইসিরুল

তারা বলেঃ আমরা মাটিতে পর্যবসিত হলেও কি আমাদেরকে আবার নতুন করে সৃষ্টি করা হবে? বস্তুতঃ তারা তাদের রবের সাক্ষাৎকার অস্বীকার করে। — মুজিবুর রহমান

And they say, "When we are lost within the earth, will we indeed be [recreated] in a new creation?" Rather, they are, in [the matter of] the meeting with their Lord, disbelievers. — Sahih International

১০. আর তারা বলে, আমরা মাটিতে হারিয়ে গেলেও কি আমরা হবো নতুন সৃষ্টি? বরং তারা তাদের রবের সাক্ষাতের সাথে কুফরিকারী।

-

তাফসীরে জাকারিয়া

(১০) ওরা বলে, ‘আমরা মাটিতে নিশ্চিহ্ন হয়ে গেলেও কি আমাদেরকে আবার নতুন করে সৃষ্টি করা হবে?’

[1] আসলে ওরা ওদের প্রতিপালকের সাক্ষাৎকে অস্বীকার করে।

[1] যখন এক বস্তুর উপর অন্য এক বস্তু প্রভাবশালী হয় এবং পূর্বের সমস্ত চিহ্নকে মিটিয়ে দেয়, তখন তাকে ضلّالة (নিশ্চিহ্ন হওয়া) বলা হয়। এখানে (ضَلَلْنَا فِي الْأَرْضِ) এর অর্থ হবে, মাটিতে মিশে আমাদের দেহ নিশ্চিহ্ন হয়ে গেলেও কি---

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3513>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন